**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-04-2026**
**Time: 07:35-07:40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM-Khowai :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার সর্বত্র শান্তি বজায় রাখার জন্য সচেষ্ট রয়েছে। কোনো ধরনের হিংসাত্মক কার্যকলাপ বরদাস্ত করা হবে না| এই সমস্ত কার্যকলাপে দোষীদের চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে| এডিসি নির্বাচনের পর এডিসি এলাকায় কিছু অনভিপ্রেত ঘটনার পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রী গতকাল খোয়াই জেলা সফরকালে সাংবাদিকদের একথা জানান|

তিনি জানান, এডিসি এলাকায় সাম্প্রতিক হিংসাত্মক ঘটনায় ক্ষতিগ্রস্ত ২৫৮টি পরিবারের জন্য প্রথম পর্যায়ে মোট ৬৪ লক্ষ ৫০ হাজার টাকা আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে|

এদিকে, মুখ্যমন্ত্রী গতকাল খোয়াই মহকুমার কচুবাড়ী ও বিদ্যাবিল গ্রাম ও এডিসি তেলিয়ামুড়া-মহারানীপুর কিছু কেন্দ্রে যান এবং সাম্প্রতিক অনভিপ্রেত ঘটনায় ক্ষতিগ্রস্তদের সঙ্গে কথা বলেন| মুখ্যমন্ত্রী সঙ্গে ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী সহ, পুলিশ ও প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকগণ।

********************

**WB & TN-ELECTION :**

তামিলনাড়ুতে বিধানসভা নির্বাচন এবং  পশ্চিমবঙ্গে প্রথম  দফার ভোটের প্রচার গতকাল সন্ধ্যায় শেষ হয়েছে। আগামীকাল তামিলনাড়ুতে এক দফায় এবং পশ্চিমবঙ্গে প্রথম দফার ১৫২ টি আসনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

পশ্চিমবঙ্গে, প্রচারের শেষ দিনে গতকাল কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপির প্রবীণ নেতা অমিত শাহ কুলটি এবং শিলিগুড়িতে জনসভায় ভাষণ দেন। বিজেপি নেত্রী রেখা গুপ্তা আসানসোলে একটি রোড শো-তে যোগ দেন। অন্যদিকে, তৃণমূল কংগ্রেস সভাপতি ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় হলদিয়ায় একটি জনসভায় ভাষণ দেন। রাজ্যজুড়ে কংগ্রেস, বাম এবং অন্যান্য দলগুলোও তাদের নিজ নিজ দলের প্রার্থীদের সমর্থনে প্রচার চালায়।

এদিকে, তামিলনাড়ুতে, প্রবীণ বিজেপি নেতা ও কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল গতকাল রাজ্যজুড়ে প্রচার চালিয়েছেন। এআইএডিএমকে-র সাধারণ সম্পাদক এডাপ্পাদি পালানিস্বামী সালেমে একটি জনসভায় ভাষণ দিয়েছেন ।টিভিকে`র প্রতিষ্ঠাতা, অভিনেতা ও রাজনীতিবিদ বিজয় চেন্নাইতে প্রচার চালিয়েছেন। তামিলনাড়ুতে আগামীকাল মোট ৫ কোটি ৭৩ লক্ষ ৪৩ হাজার ২৯১ জন ভোটার তাঁদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

*********************

**RSS Chief Mohan Bhagabat :**

মোহনপুরের পশ্চিম তারাপুরের ফকিরামুড়ায় গতকাল চিন্ময় মিশন স্কুলের মা সৌন্দর্য চিন্ময়ী মন্দিরের উদ্বোধন করা হয়।অনুষ্ঠানে বক্তব্য রাখেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, মহারাষ্ট্রের রাজ্যপাল যীষ্ণু দেববর্মা ও আর.এস.এস প্রধান মোহন ভাগবত| অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ, তিপ্রা মথা দলের প্রতিষ্ঠাতা প্রদ্যুৎ কিশোর দেববর্মা, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার প্রমুখ।

***********************

**Garia Puja :**

ঐতিহ্যবাহী গড়িয়া পূজায় মেতে উঠেছিল ত্রিপুরার গ্রাম, পাহাড় ও শহর। ত্রিপুরার, বিশেষত রাজ্যের জনজাতি অংশের জনগণের অন্যতম প্রাচীন ও গুরুত্বপূর্ণ উৎসবগুলোর একটি হলো গড়িয়া পূজা। চিরাচরিত প্রথা অনুসারে, এই উপলক্ষ্যে বাঁশের খুঁটিকে দেবতা হিসেবে পূজা করে, নতুন ফসল, সুস্বাস্থ্য ও পারিবারিক সমৃদ্ধির জন্য প্রার্থনা করা হয়| ত্রিপুরার জমাতিয়া হ্দা সম্প্রদায়ের অন্যতম প্রধান উৎসব বাবা গরিয়া পূজা এবছর শুরু হয়েছিল গোমতী জেলার পিত্রায়। গতকাল তা শেষ হয়েছে তেলিয়ামুড়া গর্জনতলীর ওয়াকসিমালুঙ গ্রামে বাবা গড়িয়া বিয়াকরই দেবতার পরিক্রমার মধ্যে দিয়ে। আগরতলায় অভয়নগর, বনমালিপুর সহ বিভিন্ন স্থানেও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে গড়িয়া পূজা উদযাপন করা হয়|

*********************

**CIVIL SERVICE DAY :**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান, কৃষকদের মহাজন প্রথা থেকে মুক্তি দিতে কৃষি অর্থায়ন ব্যবস্থাকে আরও সহজ, মানবিক এবং ফলপ্রসূ করার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। গতকাল সিভিল সার্ভিস দিবস উপলক্ষে নয়াদিল্লিতে অনুষ্ঠিত কৃষি বিষয়ক একটি আলোচনায় বক্তব্য রাখার সময় মন্ত্রী এ কথা বলেন। অনুষ্ঠানে শ্রী চৌহান, সরকারি আধিকারিকদের গতানুগতিক পদ্ধতির বাইরে চিন্তা করার আহ্বান জানান। মন্ত্রী আরও বলেন যে, কৃষক এবং দেশের স্বার্থে বাস্তবসম্মত ও উদ্ভাবনী ধারণাগুলিকে উৎসাহিত করা উচিত এবং সেগুলিকে বাস্তবে রূপ দেওয়া উচিত। তিনি ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের আয় বাড়ানোর জন্য সমন্বিত কৃষি মডেলের উপর জোর দিয়ে বলেন, কৃষকদের ফল, সবজি, মৎস্য চাষ, পশুপালন এবং মৌমাছি পালনের মতো সহযোগী কর্মকাণ্ডে বৈচিত্র্য আনতে হবে |

*******************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল সন্ধ্যায় ধলাই জেলার গন্ডাছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে ২৪তম রাজ্যভিত্তিক বৈসু উৎসবের উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া প্রমুখ |

*******************

**Mann Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে

মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮00-১১-৭৮00 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন ২৪শে এপ্রিল পর্যন্ত খোলা থাকবে।

*******************

**Northeastern Cricket :**

উত্তর-পূর্ব অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের ক্রিকেট প্রতিযোগিতার প্রথম ম্যাচে ত্রিপুরা জয় পেয়েছে। গতকাল গুয়াহাটির জর্জ মাঠে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ১0 উইকেটে মিজোরামকে হারিয়ে দেয়।

********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আগরতলা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে | বিক্ষিপ্তভাবে দু`এক পশলা বৃষ্টি বা বজ্র সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে | আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রির কাছাকাছি থাকতে পারে। আগরতলা বিমানবন্দরে আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাত সামান্য |

******************

******************